


# যুগান্তর

## এইচএসসির 'ভূয়া' প্রশ্নফাঁসের দায়ে আটক ২

প্রকাশ : ০৫ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

রাজধানীর হাজারীবাগ এলাকায় অভিযান চালিয়ে এইচএসসি পরীক্ষার ভূয়া প্রশ্নফাঁস চক্রের দুই সদস্যকে আটক করেছে র্যাব-২। আটকরা হলেন কাজী কেওয়ান (২৪) ও নাজেল হোসাইন (২১)। বৃহস্পতিবার দুপুর ২টার দিকে হাজারীবাগের নীলাম্বর শাহ রোডে একটি বিকাশের দোকানের সামনে থেকে তাদের আটক করা হয়।

র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের সিনিয়র সহকারী পরিচালক এএসপি মিজানুর রহমান জানান, আটকরা ফেসবুক আইডি ও মেসেঞ্জারে মানুষজনের কাছে প্রশ্নফাঁসের আশ্বাস দিয়ে বিকাশের মাধ্যমে অর্থ হাতিয়ে নিচ্ছিল। তাদের দেয়া তথ্য অনুযায়ী এই চক্রের অন্যদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত রয়েছে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।